



নির্ধারিত সময়েই স্থানীয় নির্বাচন হবে: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

সরকার নির্ধারিত সময়েই স্থানীয় সরকার নির্বাচন আয়োজন করবে বলে জানিয়েছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, নির্বাচন নিয়ে অনিশ্চয়তার কোনো কারণ নেই।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। সেখানে তিনি স্পষ্ট করে জানান, স্থানীয় সরকার নির্বাচন পেছানোর কোনো সিদ্ধান্ত হয়নি।

মির্জা ফখরুল বলেন, বিভিন্ন স্থানীয় পরিষদের মেয়াদ শেষ হওয়া এবং সংশ্লিষ্ট আইনি ও প্রশাসনিক প্রক্রিয়ার বিষয়গুলো সমন্বয় করা হচ্ছে। সব দিক বিবেচনায় নিয়ে যথাসময়ে নির্বাচন আয়োজন করা হবে। তার ভাষ্য অনুযায়ী, এ নির্বাচনকে সরকার গুরুত্বের সঙ্গেই দেখছে।

তিনি আরও বলেন, দেশ এখন একটি নতুন অধ্যায়ে প্রবেশ করেছে। দলের চেয়ারম্যান ও বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান-এর নেতৃত্বে সরকার কাজ শুরু করেছে বলেও উল্লেখ করেন তিনি।

অল্প সময়ের মধ্যেই তারেক রহমান মানুষের আস্থা অর্জন করতে সক্ষম হয়েছেন বলেও দাবি করেন বিএনপি মহাসচিব।